



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**11 SEPTEMBER 2024**

**7:35 AM IST**

=====

রাজ্যের কৃষি , পশু পালন ও সীমান্ত উন্নয়ন মন্ত্রী অতুল বরা হাইলাকান্দি জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছেন । গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করে মন্ত্রী শ্রী বরা বলেন যে আসামকে দেশের সেরা পাঁচটি রাজ্যের মধ্যে নিয়ে আসতে মূখ্যমন্ত্রী সর্বাঙ্গক চেষ্টা করছেন । মূখ্যমন্ত্রীর এই প্রচেষ্টাকে সফল করে তুলতে আধিকারীকদের উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়নের ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে মন্ত্রী শ্রী বরা আহ্বান জানান । সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে জেলায় নিযুক্ত ময়না প্রকল্প শুরু করার জন্য ২৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২১টি শিক্ষা প্রতিষ্ঠান তিনি পরিদর্শন করেছেন । সভায় জেলা পশু চিকিৎসা আধিকারীক জে এ তালুকদার জানান যে জেলায় এক লক্ষ ২৫ হাজার গবাদি পশুর তৃতীয় পর্যায়ের টীকাকরণ অভিযান চলছে । স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ জানান যে জেলায় প্রসূতি মায়ের মৃত্যুর হার হ্রাস পেয়েছে । সভায় বিধায়ক সুজাম উদ্দিন লস্কর জেলায় কৃষি জাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধির উপর গুরুত্ব প্রদান করতে প্রস্তাব রাখেন ।

---

বিধায়ক জাকির হোসেন লস্কর লালা শহরের জমা জলের সমস্যা নিরসনে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন । সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিন সহ জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর প্রমুখ অংশগ্রহন করেন ।

---

রাজ্যের পশুপালন ও সীমান্ত উন্নয়ন মন্ত্রী অতুল বরা গতকাল করিমগঞ্জ জেলার উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে কৃষি , পশু পালন , মৎস্য সহ অন্যান্য বিভাগের উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করেন । পর্যালোচনা সভায় করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা , বিধায়ক সিদ্দেক আহমেদ , কৃষেন্দু পাল , বিজেপির জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাসকে করিমগঞ্জ জেলার অভিাবক মন্ত্রীর দায়িত্ব প্রদান করা হয়েছে । তবে কাছাড় জেলা ও হাইলাকান্দি জেলার আগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া এখোনো অভিাবক মন্ত্রীর দায়িত্বে রয়েছেন । ডিমা হাসাও জেলার দায়িত্বে রয়েছেন সঞ্জয় কিষণ ।

---

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের পক্ষ থেকে প্রবীণ শিল্পীদের আর্থিক সাহায্য প্রকল্পের অধীনে ৬০ বছর উর্কের শিল্পীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হয়েছে । রাজ্য পুরস্কার , জাতীয় পুরস্কার প্রাপক বা আকাশবাণী ও দূরদর্শনের স্বীকৃতিপ্রাপ্ত শিল্পীরা এই প্রকল্পের জন্য আবেদন করতে পারবেন । আবেদনকারীর উপার্জন প্রতিমাসে চার হাজার টাকা বা বছরে ৪৮ হাজার টাকার কম হতে হবে । ইচ্ছুক শিল্পীরা [www.indiaculture.nic.in](http://www.indiaculture.nic.in) ওয়েবসাইটে

আবেদন পেশ করতে পারবেন । রাজ্য সরকার বা সংশ্লিষ্ট মান্ডলিক সাংস্কৃতিক কেন্দ্ৰৰ অনুমোদন ছাড়া এবং অসম্পূৰ্ণ আবেদনপত্ৰ গ্ৰহণ করা হবে না বলে মন্ত্ৰকের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

ৰাজ্যের সাংস্কৃতিক পৰিক্ৰমা মন্ত্ৰকের উদ্যোগে আজ বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী -গবেষক কালিকা প্ৰসাদ ভট্টাচাৰ্যের জন্ম দিন লোক সংহতি দিবস হিসেবে পালন করা হচ্ছে । এ উপলক্ষে বরাক উপত্যকার তিন জেলায় আজ কালিকা প্ৰসাদ ভট্টাচাৰ্যকে শ্ৰদ্ধাঞ্জলী প্ৰদান করা হচ্ছে ।

---

ৰাজ্যে প্ৰত্যক্ষ নিযুক্তি কমিশনের অধীনে আগামী ১৫ই সেপ্টেম্বৰ থেকে অনুষ্ঠেয় তৃতীয় ও চতুৰ্থ শ্ৰেণিৰ পৰীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্ৰশাসনগুলি যাবতীয় ব্যবস্থা গ্ৰহণ করেছে । নিযুক্তি পৰীক্ষার জন্য কাৰ্বি আংলং জেলার ডিফুতে জেলা দুযোগ কতৃপক্ষের কাৰ্যালয়ে জেলা নিয়ন্ত্ৰণ কক্ষ স্থাপন করা হয়েছে । এ জন্য পৰীক্ষায় নিয়োজিত ব্যক্তিদের প্ৰশিক্ষন দেওয়া হচ্ছে ।

---

আসাম সরকার ৰাজ্যের বাকী থাকা চাৰ হাজার ৮শ ৫৪ জন ঠিকাভিত্তিক শিক্ষকের চাকুরী নিয়মিতকরণ প্ৰক্ৰিয়া আৰম্ভ করেছে । শিক্ষা বিভাগের ওয়েবসাইট থেকে শিক্ষকরা তাদের নিযুক্তিপত্ৰ ডাউনলোড করতে পারবেন । উল্লেখ্য ৰাজ্য সরকার সম্প্ৰতি ঠিকাভিত্তিক ২৪ হাজার শিক্ষকের চাকুরী নিয়মিত করে নিযুক্তিপত্ৰ বিতরণ করেছিল । এরমধ্যে ৫ হাজার ৭০৪ জন ঠিকাভিত্তিক শিক্ষকের নিযুক্তিপত্ৰ প্ৰদান বিশেষ কারণে স্থগিত রাখা হয়েছিল ।

---

হাইলাকান্দি জেলা পুলিশ গত সোমবার রাতে লালা খানার অন্তর্গত ধনীপুর গ্রাম থেকে একজন বাংলাদেশী নাগরিককে গ্রেপ্তার করেছে। আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গ্রেপ্তার করা বাংলাদেশী নাগরিকের নাম মোহম্মদ সামস উদ্দিন। ঘটনা সম্পর্কে পুলিশ আধিকারীক আরো জানান যে ধৃত ব্যক্তি গত ১২ বছর থেকে ভারতে বসবাস করছেন। ধৃত ব্যক্তি বাংলাদেশের সিলেট জেলার কানাইঘাটের বাসিন্দা। পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ঘর মালিক তাজ উদ্দিন চৌধুরীকেও আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে।

---

শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির কাছাড় জেলা কমিটির উদ্যোগে গতকাল শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে একটি সাইকেল র্যালী বের হয়ে ধলাই বিধানসভা কেন্দ্রের ভাগা বাজারের বাম বিদ্যালয় হাইস্কুলে পৌঁছায়। সকাল ৯টায় ক্ষুদিরাম মূর্তি পাদদেশ থেকে সুবজ পতাকা দেখিয়ে সাইকেল র্যালির সূচনা করেন প্রাক্তন শিক্ষিকা গৌরী দত্ত বিশ্বাস এবং আসাম গভর্নমেন্ট স্কুল টিচাং এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি আজহার হোসেন। পরে এউপলক্ষ্যে আয়োজিত সভায় শহীদ কনকলতার জীবনের আদর্শ ও কর্ম নিয়ে বক্তব্য রাখেন প্রাক্তন শিক্ষক সুব্রত চন্দ্র নাথ, সমাজসেবী দুলালী গাঙ্গুলী প্রমুখ।

---

---